সংবাদ বিজ্ঞপ্তি

# সরকারি কর্মকর্তাদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আধুনিক পদ্ধতির প্রবর্তন অপরিহার্য

## টিআইবি ও বিয়াম ফাউন্ডেশনের উদ্যোগে প্রশিক্ষণ - কর্মশালা অনুষ্ঠিত

*ঢাকা, বুধবার, ১১ আগস্ট ২০১০ :* বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন এবং ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর যৌথ উদ্যোগে আজ এক প্রশিক্ষণ-কর্মশালা অনুষ্ঠিত হয়। অংশগ্রহণকারীগণ বিয়াম ফাউন্ডেশনের মেঘনা সেমিনার হলে আয়োজিত 'ইনট্রোডিউসিং পারফরমেন্স এ্যাপ্রাইসাল সিস্টেম' শীর্ষক এ প্রশিক্ষণ-কর্মশালায় সরকারি কর্মকর্তা-কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আধুনিক পদ্ধতির প্রবর্তন অপরিহার্য বলে উল্লেখ করেন।

সংস্থাপন মন্ত্রণালয়ের 'ম্যানেজিং এ্যাট দ্যা টপ ২' কর্মসূচির আওতায় সরকারি খাতে 'পারফরমেন্স ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (পিইপি)' এর বাস্তবায়ন কার্যক্রমের অংশ হিসেবে এ কর্মশালার আয়োজন করা হয়। বিয়াম ফাউন্ডেশনের মহাপরিচালক মো. আব্দুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশন এর সভাপতি এবং বাংলাদেশ সরকারের সচিব এ. এস. এ. আলী কবীর। এছাড়া অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান।

উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথির বক্তব্যে এ. এস. এ. আলী কবীর দেশে দুর্নীতি প্রতিরোধে সচেতনতা সৃষ্টিমূলক কার্যক্রম পরিচালনায় টিআইবি'র প্রশংসা করে টিআইবি-কে সুনীতি প্রতিষ্ঠায় বিভিন্ন উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ করার কথা বলেন। কর্মশালায় অংশগ্রহণকারীগণ সরকারি কর্মকর্তা-কর্মচারীদের যথাযথ কর্ম মূল্যায়ণ করা এবং পেশাগত উৎকর্ষতা সাধনে নেতিবাচক ও ইতিবাচক প্রণোদনা প্রবর্তনের ওপর জোর দেন।

বিয়াম ফাউন্ডেশন ও টিআইবি আয়োজিত এ কার্যক্রমের অন্যতম উদ্দেশ্য হচ্ছে বিয়াম ফাউন্ডেশনের প্রশিক্ষণ বিভাগের কর্মকর্তাদের জন্য একটি কর্ম মূল্যায়ণ ব্যবস্থা প্রণয়নে 'কর্ম মূল্যায়ণ উন্নয়ন প্রকল্প' বাস্তবায়ন করা। এ মূল্যায়ণ ব্যবস্থাটি সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ ব্যক্তিদের পরামর্শক্রমে বিয়াম ফাউন্ডেশন এবং এর মতো অন্যান্য সংগঠনের কর্মকর্তাদের মানসিকতার পরিবর্তন, দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদানের মানোন্নয়নে এবং কার্যকর জবাবদিহিতা প্রতিষ্ঠায় ৩৬০ ডিগ্রী প্রক্রিয়ার ওপর ভিত্তি করে প্রণীত হবে।

**<u>গণমাধ্যম যোগাযোগ</u>**
**সাজ্জাদ হুসেইন**
সিনিয়র ম্যানেজার - আউটরিচ এন্ড কমিউনিকেশন
মোবাইল: ০১৭১৩ ০৯২২৯৫
sajjad@ti-bangladesh.org